



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-১৩৬

১৩/০৩/২০১৭ খ্রিস্টাব্দ।


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা" (২য় সংশোধিত) প্রকল্পের সকল কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। সঠিক ও নির্ভুলভাবে দৈনন্দিন সফটওয়্যার কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্পের হিসাব সহকারী ও সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণদের একাধিকবার প্রশিক্ষণ দিয়ে তাদেরকে এই বিষয়ে দক্ষ হিসাবে গড়ে তুলার হয়েছে। মূলত সফটওয়্যার কার্যক্রম পরিচালনার জন্য হিসাব সহকারী দায়িত্ব প্রাপ্ত হলেও তার অনপস্থিতিতে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে উক্ত কার্যক্রম পরিচালনা করতে হবে।

২। প্রকল্প সদর দপ্তরের স্মারকনংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-৪০৩৩(১), তারিখঃ ১৫/১১/২০১৬ খ্রিস্টাব্দ মোতাবেক সফটওয়্যারের এমআইএস ও এআইএস অংশে যুগপৎভাবে **Live Date** এ কাজ করার নির্দেশনা থাকলেও, লক্ষ্য করা যাচ্ছে অনেক উপজেলায় প্রতিদিনের কাজ প্রতিদিন সফটওয়্যারে পোষ্টিং দেয়া হচ্ছে না। কোন কোন উপজেলায় সফটওয়্যারের এমআইএস অংশ হালনাগাদ করা হলেও একই দিনে এআইএস অংশ হালনাগাদ করে Day End করা হচ্ছে না। ফলে বিভিন্ন ক্রোস চেক রিপোর্ট এ সঠিক তথ্য না পাওয়াসহ সফটওয়্যারে নানাবিধ ভুলত্রুটি হওয়ার আশঙ্কা দেখা দিচ্ছে।

৩। এমতবস্থায় প্রকল্পের সফটওয়্যারের এমআইএস ও এআইএস অংশে যুগপৎভাবে (এমআইএস ও এআইএস অংশ একই তারিখে) Live Date এ কাজ করার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো। বিশেষ ক্ষেত্র/কারণে সফটওয়্যারে সর্বোচ্চ ১ (এক) দিন পিছনে থাকা যেতে পারে। যদি প্রকল্পভুক্ত কোন উপজেলা সফটওয়্যার কার্যক্রমে এমআইএস ও এআইএস অংশে ২ (দুই) বা তার অধিক দিন পিছনে থাকে তাহলে প্রত্যেক দিনের জন্য সংশ্লিষ্ট দায়ী কর্মকর্তা/কর্মচারীর ঐ দিনের বেতন-ভাতা স্থগিত রাখতে নির্দেশ প্রদান করা হলো।

৪। প্রকল্পের স্বার্থে এই আদেশ জারী করা হলো; ইহা অবিলম্বে কার্যকর হবে।



(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-১৩৬

১৩/০৩/২০১৭ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৮। অফিস কপি।


(মোঃ হাবিবুর রহমান হাবির)
সহকারী পরিচালক (উন্নয়ন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা